দৈনিক ইত্তেফাক

৫৩

তারিখ ... ... DEC 14 1999 ...
পৃষ্ঠা ২০ কলাম ৪

# সমস্যার আবর্তে রামগড় সরকারী ডিগ্রী কলেজ

রামগড় সংবাদদাতা ।। রামগড় সরকারী ডিগ্রী কলেজটি দীর্ঘদিন যাবৎ শিক্ষক সংকটসহ নানাবিধ সমস্যায় নিপাতিত হওয়ায় ছাত্র-ছাত্রীদের অধ্যয়নে চরম ভাবে বিঘ্ন ঘটিতেছে। প্রয়োজনীয় শিক্ষক ও কর্মচারীর অভাবসহ ছাত্র-ছাত্রীদের অধ্যয়নের আসবাবপত্র নাই।

সরকারী বিধিমতে অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং সহকারী অধ্যাপকের পদ সৃষ্টি করার নিয়মটি লঙ্ঘন করা হইয়াছে। কলেজের ইংরাজী বিষয়ে ৪ জন শিক্ষকের পদের মধ্যে মাত্র ১ জন রহিয়াছে। এমনি ভাবে প্রতিটি বিষয়ে বর্তমানে মাত্র ১ জন করে শিক্ষক দ্বারাই দায়সারা ক্লাশ চালানো হইতেছে। বিজ্ঞানাগার সহকারীর ৩টি পদের মধ্যে ২টিই শূন্য। জীববিজ্ঞান ও পদার্থ বিজ্ঞানের প্রদর্শক কম্পিউটার আছে কিন্তু শিক্ষক ও টেকনিশিয়ান নাই। ক্রীড়া শিক্ষক লাইব্রেরীয়ানসহ সহকারী অধ্যক্ষের পদগুলি সুদীর্ঘ বছর যাবৎ খালী পড়িয়া আছে।

ইহাছাড়া, একাউন্টেন্ট, কাশিয়ার সহ তৃতীয় শ্রেণীর কর্মচারীর ৬টি পদের মধ্যে ৪টি পদ এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীর ১৫টি পদের মধ্যে ৮টি পদ শূন্য রহিয়াছে। ফলে দাপ্তরিক কাজ পরিচালনার ক্ষেত্রে বিঘ্ন ঘটিতেছে।

পাঠদান কক্ষসহ লাইব্রেরী ও ল্যাবরেটরী কক্ষে আসবাবপত্রের অভাব রহিয়াছে কলেজের আবাসিক সমস্যা সবচাইতে বেশী। অধ্যক্ষের আবাসিকসহ শিক্ষকদের ডরমেটরি ও শিক্ষকদের সপরিবারে অবস্থানের আবাসিক ব্যবস্থা নাই। ছাত্র-ছাত্রীদের জন্যেও পৃথক কোন ছাত্রাবাস নাই। নাম সর্বস্ব ৪ কক্ষ বিশিষ্ট মাত্র ১৬ জন ছাত্র ধারণ ক্ষমতার একটি ছোট্ট ছাত্রাবাস আছে।

বিশেষ করিয়া ছাত্রীদের অধ্যয়নের সুবিধার্থে পৃথক কোন আবাসিক হল না থাকায় পার্বত্য অঞ্চলের দূর-দূরান্ত এলাকা হইতে অধ্যয়নরত ছাত্রীদের দূর্ভোগের সীমা অতিক্রম করিয়াছে বলিয়া ছাত্রীরা ছাত্রীরা জানায়। কলেজের বাউণ্ডারী ওয়াল না থাকায় সমগ্র ক্যাম্পাসে বাহিরের ঝামেলা নীরবে সহ্য করিতে হয়।

কলেজ অভ্যন্তরে যাতায়াতের ক্ষেত্রে পাকা পথ নাই। বর্ষা মৌসুমে পথগুলি লালমাটির আঠালো কর্দমাক্ত হইয়া চলাচলে দুর্ভোগ পোহাইতে হয়। কলেজের মাঠ সংস্কারের অভাবে ব্যবহার উপযোগী নহে। ঘাসের বীজ ছিটাইয়া ব্যবহারযোগ্য মাঠে পরিণত করার জন্য ছাত্র-ছাত্রীরা দাবী করে।

কলেজের স্নাতক শ্রেণীর পৃথক কোন একাডেমিক ভবন নির্মিত হয় নাই। উচ্চ মাধ্যমিক পর্যন্ত ভবনগুলিতে কোণঠাসা অবস্থায় পাঠদান চলিতেছে। ইহা ছাড়া লাইব্রেরী, ছাত্র ও ছাত্রীদের মিলনায়তন এবং শিক্ষক মিলনায়তন পৃথক পৃথক ভবন নির্মিত হয় নাই। বর্তমানে একটি কক্ষ ছাত্রীদের মিলনায়তন হিসাবে ব্যবহার করা হইলেও সৌচাগারে পানি সরবরাহ নাই বলিয়া ছাত্রীরা জানায়।

রামগড় সরকারী ডিগ্রী কলেজে একাডেমিক ভবন সম্প্রসারণ ও নির্মাণ-কল্পে শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগের রাঙ্গামাটি জোনের নির্বাহী প্রকৌশলীর ২৩/৮/৯৯ তারিখের দরপত্র বিজ্ঞপ্তি নং ৩/স, বেস, কলেজ/রাঙ্গা-জেড/এফ,ডি/৯৯-2000 মূলে মোট ৫৪ লক্ষ ২০ হাজার টাকার নির্মাণ ব্যয়সাপেক্ষে ২৯শে সেপ্টেম্বরের মধ্যে দরপত্র দাখিলের জন্য বিজ্ঞপ্তি পচার করা হয়। বিভাগীয় ঠিকাদারগণ উক্ত নির্মাণ কাজে দরপত্র প্রদান করেন। দরপত্রপ্রাপ্ত জনৈক ঠিকাদারের আর্থিক অসুবিধার দোহায় দিয়া কলেজ ভবন নির্মান কাজ আরম্ভ করায় বিলম্বিত হইতেছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে।

এদিকে নির্ধারিত সময়ের মধ্যে কলেজ ভবন নির্মান কাজ আরম্ভ না করিলে প্রকল্প বাতিল হওয়ার সম্ভবনা আছে বলিয়াও একটি সূত্রে জানা গিয়াছে।